দৈনিক সংবাদ
৩৪
তারিখ 29 JAN 1996
পৃষ্ঠা ৫ কলাম ৭

# জামালপুরে সপ্তাহব্যাপী বইমেলা শেষ হয়েছে

জামালপুর, ২৮শে জানুয়ারি (জেলা বার্তা পরিবেশক)।— বর্ণাঢ্য নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে সম্প্রতি জামালপুরে শেষ হয়েছে সপ্তাহব্যাপী জামালপুর বইমেলা '৯৬। জাতীয় গ্রন্থ দিবস ও গ্রন্থমেলা উপলক্ষে গত ১লা জানুয়ারি থেকে ৭ই জানুয়ারি জামালপুর শহরের পাবলিক লাইব্রেরি চত্বরে আয়োজিত হয়েছিল জামালপুর বইমেলা '৯৬।

বইমেলার বিভিন্ন অনুষ্ঠানমালার মধ্যে ছিল বর্ণাঢ্য র‍্যালি, বইমেলা বিষয়ক সপ্তাহব্যাপী আলোচনা সভা, শিশু-কিশোরদের চিত্রাংকন ও হস্তলিখন প্রতি-যোগিতা, স্কুল পর্যায়ে বিতর্ক প্রতিযোগিতা, কলেজ পর্যায়ে প্রবন্ধ প্রতিযোগিতা, বাংলা সঙ্গীতের ধারা ও লোকজ সঙ্গীতের ওপর মনোজ্ঞ সঙ্গীতানুষ্ঠান, গ্রন্থ বিষয়ক রম্য আলোচনা, কবিতা পাঠের আসর, সুধীজন সংবর্ধনা ও গ্রন্থ প্রকাশনা অনুষ্ঠান, নাটক ইত্যাদি। গ্রন্থ প্রকাশনা অনুষ্ঠানে অধ্যাপক সৈয়দ আবদুস সাত্তার রচিত 'আমার দেশ, আমার জীবন' এবং মুঃ আজিজুর রহমান রচিত 'ঈশ্বরচন্দ্র গুহ' এই দু'টি বই আনুষ্ঠানিকভাবে প্রকাশিত হয়। গ্রন্থ প্রকাশনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সরকারি জাহেদা সফির মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর আঃ ই, ম ইকরাম উদ্দৌলা।

বইমেলায় ১৪টি বইয়ের স্টল এবং ১টি হস্তশিল্পজাত সামগ্রীর স্টলে প্রতিদিন দর্শকের সমাগম ছিল প্রচুর। বইমেলায় ভাঁপা পিঠার দোকানেও অনেককে ভিড় জমাতে দেখা যায়। সব মিলিয়ে এবারের জামালপুরের বইমেলা '৯৬ ছিল সবদিক দিয়েই জমজমাট।

সমাপনী অনুষ্ঠানে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন জেলা প্রশাসক এবং জামালপুর বইমেলা '৯৬-এর সভাপতি আখতার হোসেন খান।